

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ যাকাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৩৮৬) মসজিদ নির্মাণের কাজে যাকাত প্রদান করার বিধান কী?

উত্তর: মসজিদ নির্মাণের কাজ কুরআনের বাণী 'ফি সাবিলিল্লার' অন্তর্ভুক্ত নয়। কেননা তাফসীরবিদগণ 'ফি সাবিলিল্লার' তাফসীরে উল্লেখ করেছেন: এ দ্বারা উদ্দেশ্য হচ্ছে আল্লাহর পথে জিহাদ।

মসজিদ নির্মাণসহ অন্যান্য জনকল্যাণমূলক কাজে যাকাত ব্যয় করা প্রকৃত কল্যাণের পথকে বিনষ্ট করারই নামান্তর। কেননা কৃপণতা ও লোভ অনেক লোকের মধ্যে স্বভাবজাত প্রকৃতি। যখন তারা দেখবে মসজিদ নির্মাণ এবং অন্যান্য সব ধরণের কল্যাণমূলক ক্ষেত্রে যাকাত দেওয়া হচ্ছে, তখন তারা সমস্ত যাকাত সে সকল কাজেই ব্যবহার করা শুরু করবে। ফলে দুঃস্থ অভাবী মানুষ তাদের অভাব অন্টনের মধ্যেই রয়ে যাবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1059

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন